

সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৯৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৩. কোন ব্যক্তি কয়েক বছর যাবত পানি না পেলেও তার জন্য তাইয়াম্মুম করা বৈধ

بَابُ : فِي جَوَازِ التَّيْمُمِ لِمَنْ لَمْ يَجِدِ الْمَاءَ سِنِينَ كَثِيرَةً

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ ، نَا ابْنُ عَلِيَّةَ ، نَا أَيُّوبُ ، عَنْ أَبِي قَلَابَةَ ، عَنْ رَجُلٍ مِنْ بَنِي عَامِرٍ ، قَالَ : نَعِتَ لِي أَبُو ذَرٍّ ، فَأَتَيْتُهُ ، فَقُلْتُ : أَنْتَ أَبُو ذَرٍّ ؟ قَالَ : إِنَّ أَهْلِي لَيَزْعُمُونَ ذَاكَ . قَالَ : قُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، هَلَكْتُ . قَالَ : " وَمَا أَهْلَكَ ؟ " . قُلْتُ : إِنِّي أَعْزُبُ عَنِ الْمَاءِ ، وَمَعِيَ أَهْلِي ، فَتُصِيبُنِي الْجَنَابَةُ ؟ . فَقَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - : " إِنَّ الصَّعِيدَ الطَّيِّبَ طَهُورٌ مَا لَمْ تَجِدِ الْمَاءَ ، وَلَوْ إِلَى عَشْرِ حِجَجٍ ، فَإِذَا وَجَدْتَ الْمَاءَ فَأَمْسِسْهُ بِشَرَّتِكَ

বাংলা

৬৯৮(২). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... বনু আমের গোত্রের এক ব্যক্তি থেকে বর্ণিত। তিনি বলেন, আমার নিকট আবু যার (রাঃ)-এর প্রশংসা করা হলো। অতএব আমি তার নিকট এলাম এবং বললাম, আপনিই কি আবু যার (রাঃ)? তিনি বলেন, আমার পরিবারের লোকজন তাই ধারণা করে। আবু যার (রাঃ) বলেন, আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আমি ধ্বংস হয়ে গেছি। তিনি বলেন, কিসে তোমাকে ধ্বংস করেছে? আমি বললাম, আমি পানি থেকে দূরে, আমার সাথে আমার স্ত্রী আছে এবং আমি নাপাক হয়েছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ নিশ্চয়ই পাক মাটি পবিত্রতাকারী যাবত কেউ পানি না পায়, যদিও তাতে দশ বছর কেটে যায়। যখন তুমি পানি পাবে তখন তোমার শরীরে পানি পৌঁছাবে (গোসল করবে)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80487>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন